

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্



বিজ্ঞপ্তি

বিএসসি ইন নার্সিং ১ম/২য়/৩য়/৪র্থ বর্ষ চূড়ান্ত পরীক্ষা জানুয়ারি-২০১৭

১। শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত পরীক্ষা আগামী ০১ জানুয়ারি ২০১৭ তারিখ হতে আরম্ভ হবে। পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে পরীক্ষার আবেদন ফরম সংগ্রহ এবং স্বহস্তে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগীয়/প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন করিয়ে নিজ নিজ প্রতিষ্ঠানের অফিসে জমা দিতে হবে।

২। ফিসের হার (পরীক্ষার্থী প্রতি)

ক।	পরীক্ষা ফি (প্রতি বিষয়ের জন্য)	-	৫০০.০০ (পাঁচশত মাত্র) টাকা;
খ।	নম্বরপত্র ফি	-	৫০০.০০ (পাঁচশত মাত্র) টাকা;
গ।	সাময়িক সনদ ফি (শুধু ৪র্থ বর্ষের জন্য প্রযোজ্য)	-	৫০০.০০ (পাঁচশত মাত্র) টাকা;
ঘ।	রিটেনশন ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	-	৫০০.০০ (পাঁচশত মাত্র) টাকা।

৩। পরীক্ষার আবেদন ফরম ও প্রবেশপত্রের যথাস্থানে পরীক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি দুটি স্ট্যাপল পিন অথবা গাম দিয়ে এমনভাবে লাগাতে হবে যেন সহজে খুলে না যায়। ছবিটি লাগানোর পর ডিন/বিভাগীয়/প্রতিষ্ঠান প্রধান এটি এরূপভাবে সত্যায়িত করবেন যেন তার স্বাক্ষরের কিছু অংশ ছবির উপর এবং কিছু অংশ পরীক্ষার আবেদন ফরম ও প্রবেশপত্রের উপর থাকে।

৪। বিইউপি'র রেজিস্ট্রেশন নম্বর ছাড়া কোন পরীক্ষার্থীর পরীক্ষার আবেদন ফরম গ্রহণযোগ্য নয়।

৫। রোলশিটসহ (রোলশিটে ইংরেজিতে পরীক্ষার্থীর নাম, ক্লাশ রোল, রেজিঃ নম্বর ও সেশন, কোর্সে প্রথম ভর্তির সন এবং অবতীর্ণ হইবার বিষয় উল্লেখ করতে হবে) পূরণকৃত ফরম ২০ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে বিইউপি'র পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা যাচ্ছে।

৬। পরীক্ষা সংক্রান্ত ফি “বিইউপি জেনারেল ফান্ড” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে বিইউপি'র পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দানের জন্য অনুরোধ করা হলো।

৭। নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই এই পরীক্ষার ফরম ও ফিস গ্রহণ করা হবে না।

মোহাম্মদ মইনুল ইসলাম
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

পত্র নং: ২৩.০১.৯০২.৮৫৮.০৯.৭৮৬.০৬.১.২

তারিখ: ০৪ ডিসেম্বর ২০১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। এএফএমআই, ঢাকা সেনানিবাস
- ২। এএনসিসি, কুমিল্লা সেনানিবাস
- ৩। আরএএনসি, রংপুর সেনানিবাস
- ৪। ডিন, ফ্যাকাল্টি অব মেডিকেল স্টাডিজ, বিইউপি

মোহাম্মদ মইনুল ইসলাম
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক